গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৯.১৩.০২৩.০৯(অংশ-২).৪২৮

তারিখ : ৩১ বৈশাখ ১৪৩১ / ১৪ মে ২০২৪

বিষয় : আইন ও বিচার বিভাগের সাবেক সংযুক্ত কর্মকর্তা (যুগ্ম জেলা জজ) মরহুম মোঃ সামসুজ্জামান-এর বকেয়া বেতন ও অন্যান্য ভাতাদির প্রশাসনিক ব্যয় মঞ্জুরি প্রদান।

সূত্র : (১) আইন ও বিচার বিভাগের বিচার শাখা-৩ এর গত ২৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখের বিচার-৩/১ডি-০৫/২০১৬-৭৯ নম্বর স্মারক।
(২) আইন ও বিচার বিভাগের বিচার শাখা-৫ এর গত ১০ আগস্ট ২০২২ তারিখের ১০.০০.০০০০.১২৯.১৩.০২৩.০৯.(অংশ-১).৭৪৬ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সূত্রোক্ত ০১ নম্বর স্মারকমূলে সাবেক সংযুক্ত কর্মকর্তা (যুগ্ম জেলা জজ) মরহুম মোঃ সামসুজ্জামান এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা নম্বর-০৫/২০১৬ চলাকালে তিনি অবসরের বয়সসীমায় উপনীত হওয়ায় বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ৩১(২) অনুযায়ী উহা স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়েছে মর্মে গন্য করা হয়। সূত্রোক্ত ০২ নম্বর স্মারকমূলে গত ২০২২-২০২৩ অর্থবছরের বাজেট হতে তাঁকে বকেয়া বেতন ও অন্যান্য ভাতাদি প্রদানের প্রশাসনিক মঞ্জুরী জ্ঞাপন করা হলেও Manual Fixation এর তথ্য IBAS+ কর্তৃক প্রযুক্তিগত কারণে গৃহীত না হওয়ায় তিনি উল্লিখিত অর্থবছরের বাজেট হতে বকেয়া বেতন ও অন্যান্য ভাতাদি উত্তোলন করতে পারেননি।

এমতাবস্থায়, এ বিভাগের সাবেক সংযুক্ত কর্মকর্তা (যুগ্ম জেলা জজ) মরহুম মোঃ সামসুজ্জামান-এর স্ত্রী বেগম আশরাফুল আফতাব সিরাজুন্নাহার-এর আবেদনের প্রেক্ষিতে মরহুম কর্মকর্তার সকল বকেয়া বেতন ও অন্যান্য ভাতাদি বিধি মোতাবেক ২০২২-২০২৩ অর্থবছরের পরিবর্তে ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেট হতে পরিশোধের প্রশাসনিক ব্যয় মঞ্জুরি প্রদান করা হলো।

১৪/০৫/২০২৪
(মোঃ আব্দুল্লাহ-আল-মাসুম)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোন: ২২৩৩৫৭৪২০
section5@lawjusticediv.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২. সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-৩/৪), আইন ও বিচার বিভাগ।
৩. সচিব-এর একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ৫ম তলা, কক্ষ নং-৫০৩, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. জনাব মোঃ আবু তাহের, হিসাবরক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৭. ব্যক্তিগত কর্মকর্তা [যুগ্মসচিব (প্রশাসন-২)/উপসচিব (প্রশাসন-২)], আইন ও বিচার বিভাগ।
৮. বেগম আশরাফুল আফতাব সিরাজুন্নাহার, মরহুম মোঃ সামসুজ্জামান (যুগ্ম জেলা জজ) এর স্ত্রী।
৯. অফিস কপি।